

Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 25 April, 2025

সৌদি আরবের আয়োজিত একটি কনসার্টে গান গেয়েছেন মার্কিন পপ তারকা জেনিফার লোপেজ। গত সপ্তাহে জেদ্দায় ‘সৌদি অ্যারাবিয়ান গ্র্যান্ড প্রিন্স’ প্রতিযোগিতা উপলক্ষ্যে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। তবে ইসলামের সবচেয়ে পবিত্র নগরী মক্কা থেকে মাত্র ৮০ কিলোমিটার দূরে কনসার্টের আয়োজন করায় ক্ষোভ প্রকাশ করেছেন মুসল্লিরা।

গত ২১ এপ্রিল এক প্রতিবেদনে এ তথ্য জানায় মধ্যপ্রাচ্যভিত্তিক সংবাদমাধ্যম দ্য নিউ আরব। সংবাদমাধ্যমটির প্রতিবেদনে বলা হয়েছে, এই কনসার্টটি সৌদির ভিশন ২০৩০ এর অংশ ছিল। সৌদি তাদের বিনোদন ও সাংস্কৃতিক ক্ষেত্রে বৈচিত্র্য আনতে কাজ করছে। ফলে বিভিন্ন সময় বাইরে থেকে শিল্পীরা এসে সৌদিতে বিভিন্ন অনুষ্ঠানে যোগ দিতে আসছেন।

মূল কনসার্টের আগে অনুশীলন করতে মঞ্চে আসছেন জেনিফার।

জেনিফার লোপেজের কনসার্টের পর সামাজিক মাধ্যমে ব্যাপক সমালোচনা শুরু হয়। মক্কার এত কাছে মার্কিন গায়িকার কনসার্টকে অনেকে ‘লজ্জাজনক’ এবং ‘সরাসরি ইসলামকে অপমান’ হিসেবে অভিহিত করেছেন।

তারা বলছেন কোটি কোটি মানুষের সম্মানের জায়গা পবিত্র কাবার কাছাকাছি জায়গায় এমন আয়োজন করা মোটেও ঠিক হয়নি।

মাইক্রো ব্লগিং সাইট এক্সে একজন লিখেছেন, “মক্কার এত কাছে খোলা পোশাকে এবং নাচের সঙ্গে এ ধরনের একটি পপ কনসার্ট আয়োজন অত্যন্ত অসম্মানজনক। সৌদিকে অবশ্যই মনে রাখতে হবে ইসলামের পবিত্রতম স্থানের দায়িত্বে আছে তারা।”

এর আগে গত বছরের ডিসেম্বরে এলি সাব ফ্যাশন শোর অংশ হিসেবে রিয়াদে গান পরিবেশন করেছিলেন জেনিফার লোপেজ। ওই সময়ও এ নিয়ে সমালোচনা হয়েছিল। কিন্তু সৌদি সরকার প্রিন্স সালমানের ভিশন -৩০ কে কার্যকর করতে এসব কিছু সাফাই গাইছে।

বিদেশিদের দিয়ে কনসার্টের পাশাপাশি, চলচ্চিত্র উৎসব এবং বিভিন্ন খেলার ইভেন্টও আয়োজন করেছে সৌদি। যা একটা সময় দেশটিতে অকল্পনীয় ছিল।

সূত্র: দ্য নিউ আরব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:30

URL: <https://timestodaybd.com/international/1432118533>